


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.৩৬.০৩৬.২০১৬- ৭৭৭


তারিখঃ ০৩/০৭/২০১৭

বিষয়ঃ উপজেলা পরিষদসমূহের ই-জিপিতে নিবন্ধন ও নিবন্ধন
পরবর্তী কার্যক্রম গ্রহণের তথ্যাদি প্রেরণ।

সূত্রঃ সিপিটিইউ এর স্মারক নং-২১.৩৯৩.০১৪.০০.০০.৬৪২.২০১৬-২৬৭, তারিখঃ ১১/০৫/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগে ২৮ নভেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সচিব সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ৪৯০টি উপজেলা পরিষদের মধ্যে গত ১১/০৫/২০১৭ তারিখ পর্যন্ত ৩৮৭টি উপজেলা পরিষদ ই-জিপিতে নিবন্ধিত হয়েছে - মর্মে সূত্রোক্ত স্মারকে অবহিত করা হয়েছে। ইতোমধ্যে অবশিষ্ট উপজেলা পরিষদও সিপিটিইউ এর সাথে যোগাযোগপূর্বক ই-জিপিতে নিবন্ধনের উদ্যোগ গ্রহণ করেছে মর্মে জানিয়েছেন। এছাড়া উপজেলা পরিষদের ই-জিপিতে নিবন্ধন বিষয়ে জেলা প্রশাসক সম্মেলন ও এ বিভাগে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় পাক্ষিকভিত্তিতে অগ্রগতি জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বর্ণিত অবস্থায়, গত ৩০ জুন, ২০১৭ তারিখ পর্যন্ত কতটি উপজেলা পরিষদ ই-জিপিতে নিবন্ধিত হয়েছে তার তথ্যাদি অথবা কতটি উপজেলা পরিষদ এখনও ই-জিপিতে নিবন্ধিত হয়নি তার জেলা/উপজেলাওয়ারি তালিকা এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার) (০৭/২০১৭)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
আইএমইডি, সিপিটিইউ ভবন, পরিকল্পনা কমিশন চত্বর
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)